গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
নাটোর।
fisheries.natore.gov.bd

**"স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ: নাটোর জেলার মৎস্য খাত উন্নয়নে করণীয়" শীর্ষক কর্মশালার সামারি শিট (সংক্ষিপ্ত বিবরণী)**

| | |
|---|---|
| সভাপতি | ড. মো: আবুল কালাম আজাদ<br>জেলা মৎস্য কর্মকর্তা |
| সভার তারিখ | **০৬ ডিসেম্বর ২০২৩** |
| সভার সময় | **দুপুর ২:৩০ ঘটিকা** |
| স্থান | জেলা মৎস্য কর্মকর্তা, নাটোর এর সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" তে সংযুক্ত করা হলো |

**কর্মশালার তারিখ:** ০৬ ডিসেম্বর ২০২৩খ্রি.

**বিষয়বস্তুর বিবরণ:**

"স্মাট বাংলাদেশ বিনির্মাণ: নাটোর জেলায় মৎস্য খাত উন্নয়নে করণীয়" বিষয়ক কর্মশালার সভাপতি উপস্থিত (পরিশিষ্ট "ক") সকলকে স্বাগত জানিয়ে আলোচনা শুরু করেন এবং সবাইকে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ লক্ষ্যমাত্রা অর্জনে নাটোর জেলার মৎস্য খাত উন্নয়নে স্বাধীনভাবে সুচিন্তিত মতামত ব্যক্ত করার জন্য অনুরোধ করেন।অংশগ্রহণকারিগণ মৎস্য খাতের বিদ্যমান অবস্থা বিবেচনায় জেলার মৎস্য খাত উন্নয়নে নিম্নরুপ প্রস্তাবনাসমূহ উপস্থাপন করেন।

| আলোচ্য সূচি | প্রস্তাবনাসমূহ |
|---|---|
| স্মার্ট জনবল কাঠামো তৈরি ও লজিস্টিক সাপোর্ট উন্নয়ন | ১. উপজলাসমূহের সকল শূণ্য পদে জনবল নিয়োগ, প্রত্যেকটি ইউনিয়ন ও পৌরসভায় কমপক্ষে ০১ (এক) জন করে ক্ষেত্রসহকারী/ উপসহকারী মৎস্য কর্মকর্তা নিয়োগ প্রদান এবং বুনিয়াদি প্রশিক্ষণের মাধ্যমে 4IR উপযোগী জনবল হিসেবে তৈরী করা।<br>২. মৎস্য সংশ্লিষ্ট বিভিন্ন আইন বাস্তবায়নে উপজেলা মৎস্য অফিসারকে আর্থিক ও প্রশাসনিক জরিমানা প্রদানের ক্ষমতা প্রদান করে আইন ও বিধিমালা যুগোপযোগী করা এবং প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট (জনবল, গাড়ি, অর্থ বরাদ্দ ইত্যাদি) প্রদান করা।<br>৩. সশস্ত্র মৎস্য পুলিশ ইউনিট গঠন এবং চলনবিল, হাওড়, সমুদ্র উপকূল ও ইলিশ সংরক্ষণ এলাকার সংশ্লিষ্ট মৎস্য কর্মকর্তার অধীনে সংযুক্ত করে দায়িত্ব প্রদান।<br>৪. কর্মকর্তা/কর্মচারিদের দক্ষতা বৃদ্ধি এবং যুগোপযোগী উন্নত প্রযুক্তিভিত্তিক প্রশিক্ষণ প্রদান এবং উন্নত প্রযুক্তি সম্পন্ন দেশে একচেঞ্জ ভিজিটের ব্যবস্থাকরণ। এক্সচেঞ্জ ভিজিটে মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারিদের অগ্রাধিকার প্রদান। |

| | |
|---|---|
| স্মার্ট চাষি, উদ্যোক্তা তৈরি ও চাষ ব্যবস্থাপনার মানোন্নয়ন | ১. প্রশিক্ষিত জনবল দ্বারা মৎস্য চাষী, মৎস্যজীবী, মৎস্য ব্যবসায়ী, হ্যাচারী মালিক, মৎস্য খাদ্য উৎপাদনকারী ও বিক্রেতাসহ পুরো উৎপাদন প্রক্রিয়ার সাথে জড়িত পণ্য ও সেবা প্রদানকরীদের একটি পূর্ণাঙ্গ ডাটাবেজ তৈরী করা<br>২. গুনগত মানসম্পন্ন মৎস্য উৎপাদন নিশ্চিতকরণে মৎস্য খাদ্যে ভর্তুকি প্রদানের ব্যবস্থা গ্রহণ করা<br>৩. মৎস্য খামার যান্ত্রিকীকরণে খামারীদের ভর্তুকি মূল্যে বিভিন্ন যন্ত্রপাতি (এরেটর, পাম্প মেশিন, পিলেট মেশিন, অটো ফিশ ফিডার, ডিজিটাল পানি পরীক্ষার কিট ইত্যাদি) প্রদান/সরবরাহের ব্যবস্থা গ্রহণ<br>৪. মৎস্য খামারে কৃষির ন্যায় ভর্তুকিমূল্যে বিদ্যুৎ বিল প্রদানের সুযোগ প্রদান<br>৫. "মৎস্য শুমারী প্রকল্প" গ্রহণ করা ও জিপিএস লোকেশনসহ মৎস্য সম্পদের  পরিসংখ্যান হালনাগাদ করা<br>৬. বিভিন্ন মৎস্য চাষ উপকরণ তথা একোয়া প্রডাক্টসের অপব্যবহার রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে এগুলোর ক্রয়-বিক্রয়ে মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ কেন্দ্র থেকে প্রত্যয়ন পত্র প্রাপ্তি সাপেক্ষে জেলা/উপজেলা থেকে অনাপত্তি সনদ গ্রহণ বাধ্যতামূলক করা। |
| স্মার্ট বাজার ব্যবস্থাপনা ও মান নিয়ন্ত্রণ ব্যবস্থা | ১. চলনবিলের গুণগত মানসপন্ন শুঁটকি উৎপাদনের জন্য আধুনিক শুঁটকি উৎপাদন কেন্দ্র ও বিপণন সেন্টার স্থাপন।<br>২. উৎপাদিত মাছ পরিবহন ও বাজারজাতকরনে ভর্তুকিমূল্যে রেফ্রিজারেটেড ভ্যান সরবরাহ ও জীবন্ত মাছ বাজারজাতকরণে বিশেষায়িত ট্রাক সরবরাহ এবং হাইওয়ের বিভিন্ন পয়েন্টে ওয়াটার ফিলিং স্টেশন স্থাপনে প্রকল্প গ্রহণ<br>৩. মাছ দিয়ে উৎপাদিত বিভিন্ন পণ্য যেমন: ফিস সিঙ্গারা, ফিস পুরি, ফিস নাগেট, ফিস বল, ফিস ফিঙ্গার, ফিস ফ্রাই, ফিস বার-বি-কিউ, ফিস চিপস প্রস্তুতকরণ ও বিক্রয়ের জন্য দোকান বা স্টল স্থাপনে আগ্রহী উদ্যোক্তাগণকে সংগঠিতকরণ, কারিগরি সহযোগিতা প্রদান ও প্রযোজ্য ক্ষেত্রে প্রশিক্ষণ প্রদান করা।<br>৪. উপজেলা পর্যায়ে মাছ বাজার উন্নয়ন ও আধুনিকায়ন প্রকল্প গ্রহণ এবং এসব বাজারে পানির লাইন, পানির হাউজ, ড্রেনেজ ব্যবস্থা, এ্যারেটর, ইনসুলেটেড বক্স, আইস ক্র্যাশার, ফ্লোর পাকাকরন, গ্লাসনির্মিত  বিশেষায়িত স্বচ্ছ ফ্রিজে মাছ রেখে বিক্রয়ের ব্যবস্থা, ডিজিটাল ওজন মেশিন স্থাপন ও ব্যবহার বাধ্যতামূলক করা<br>৫. জেলা পর্যায়ে মৎস্য মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরি স্থাপন এবং উপজেলা পর্যায়ে মাছ সংরক্ষণাগার ও প্রসেসিং কারখানা স্থাপন |

| | |
|---|---|
| স্মার্ট মৎস্য সম্পদ সংরক্ষণ | ১. চলন বিলের দেশীয় প্রজাতির মাছ প্রজননেন জন্য বিশেষায়িত হ্যাচারি স্থাপন ও নির্দিষ্টকরণ যেখানে চলনবিলের ব্রুড মাছ সংগ্রহ ও ব্যবহারের মাধ্যমে কৌলিতাত্বিক গুণমানসম্পন্ন পোনা উৎপাদন করে এবং চলন বিলে ও অত্র এলাকার মুক্ত জলাশয়ে অবমুক্ত করা যায়।<br>২. চলনবিল অঞ্চলে দেশীয় প্রজাতির মাছ সংরক্ষণ ও উৎপাদন বৃদ্ধির জন্যে বারনই, আত্রাই ও বড়াল ইত্যাদি নদীর গভীর অংশে স্থায়ীভাবে সংরক্ষিত (রিজার্ভ) অঞ্চল ঘোষণা সহ যথাযথভাবে সংরক্ষণ কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত গার্ডসেড সহ অভয়াশ্রম স্থাপন।<br><br>৩. মৎস্য সম্পদ সুরক্ষা ও টেকসই উৎপাদন বৃদ্ধির জন্য চলনবিল অঞ্চলে নির্দিষ্ট প্রজনন মৌসুমে (এপ্রিল-মে-জুন) মাছ ধরা রাখা এবং আহরণ নিষিদ্ধ সময়কালে ভিজিএফ বিতরণ<br>৪. মাছের অতি আহরণজনিত চাপ কমাতে জেলেদের বিকল্প আয়বর্ধকমূলক প্রশিক্ষণ প্রদান ও ভর্তুকি মূল্যে আয়বর্ধক কাজের উপকরণ সরবরাহ সামনে রেখে জেলেদের জন্য প্রকল্প গ্রহণ<br>৫. উন্মুক্ত জলাশয়ে মাছের সহজ প্রাপ্যতা নিশ্চিতকল্পে ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিলসমূহে বিল নার্সারি স্থাপন কার্যক্রমের সংখ্যা ও বরাদ্দ বৃদ্ধি করা।<br>৬. অভ্যন্তরীণ মুক্ত জলাশয় সংকোচন রোধ ও জলাভূমি সংরক্ষণের জন্য দেশের বিলসমূহে সীমানা পিলার দ্বারা সীমা চিহ্নিত করা ও অবৈধ দখল নিয়ন্ত্রণ করা<br>৭. ২০৪১ সালের মাছ উৎপাদনের লক্ষ্যমাত্রা পূরণের জন্য সকল নদী ও নদী থেকে বিভিন্ন বিলের সাথে যুক্ত সংযোগ ক্যানাল পুনঃখননের ব্যবস্থা গ্রহণ করা।<br>৮. মৎস্য আইন বাস্তবায়নে মোবাইল কোর্টের বরাদ্দ বৃদ্ধি করা এবং উপজেলা মৎস্য দপ্তরের পাশাপাশি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়েও বরাদ্দ প্রদান করা।<br>৯. বারনই নদী, মরা আত্রাই ও হালতি বিলের মৎস্য সম্পদ রক্ষায় মৎস্য অভয়াশ্রমে অস্থায়ী গার্ড (শুষ্ক মৌসুমে ৩-৪ মাসের জন্য হলেওে) নিয়োগ করা এবং হালতি বিল ও বৃহত্তর চলন বিলের মৎস্যসম্পদ ব্যবস্থাপনায় নতুন প্রকল্প গ্রহণ। |
| স্মার্ট মৎস্য অফিস ব্যবস্থাপনা | ১. উপজেলা ও জেলা ভিত্তিক অভিন্ন ছকে অনলাইনে প্রতিবেদনসমূহ প্রেরণের উদ্যোগ গ্রহণ এবং এমআইএস প্রবর্তন<br>২. অনলাইনে প্রশিক্ষণের জন্য আবেদন, জেলে নিবন্ধন আবেদন ও মৎস্য খামার নিবন্ধন ব্যবস্থা চালুকরার উদ্যোগ গ্রহণ<br>৩. সকল উপজেলা মৎস্য অফিসে ডি-নথি ও এপিএমএস কার্যক্রম চালুকরণ<br>৪. সকল লাইসেন্স ফি, নিবন্ধন ফি, পরীক্ষণ ফি সমূহ ক্যাশলেস পেমেন্টে প্রদানের ব্যবস্থা করা |

**ব্যয়িত জনঘন্টা :** ১৪জনX১ ঘন্টা= ১৪ জনঘন্টা

**অংশগ্রহণকারীর সংখ্যা :** ১৪ জন (উপস্থিতির তালিকা সংযুক্ত)।

**কর্মশালা অংশগ্রহণ সংক্রান্ত অফিস আদেশের নম্বর:** ৩৩.০২.৬৯০০.৪০০.৮১.০০৩.২১.৫৯১, ০৫ ডিসেম্বর ২০২৩খ্রি. (আদেশ সংযুক্ত)।

০৭-১২-২০২৩
ড. মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা
০২৫৮৮৮৭২৫৯০
dfonatore@fisheries.gov.bd

**নম্বর:** ৩৩.০২.৬৯০০.৪০০.৮১.০০৩.২১.৫৯২

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
০৭ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর;
২। উপপরিচালক, উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা) এর দপ্তর, মৎস্য অধিদপ্তর;
৩। উপপরিচালক(ফিল্ড সার্ভিস), ফিল্ড সার্ভিসের দপ্তর, মৎস্য অধিদপ্তর;
৪। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী;
৫। সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নাটোর;
৬। সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), নাটোর;
৭। খামার ব্যবস্থাপক (সকল), মৎস্য বীজ উৎপাদন খামার, নাটোর;
৮। মৎস্য সম্প্রসারণ অফিসার (সকল), মৎস্য অধিদপ্তর, নাটোর;
৯। উপসহকারী প্রকৌশলী/ সহকারী মৎস্য কর্মকর্তা (সকল), মৎস্য অধিদপ্তর, নাটোর এবং
১০। জনাব, ..........................................................................................।

০৭-১২-২০২৩
ড. মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা

**সকল সংযুক্তিসমূহ:**

(১) পরিশিষ্ট ক উপস্থিতির বিবরণ

(২) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে নাটোর জেলার মৎস্য খাত উন্নয়নে করণীয় বিষয়ক কর্মশালায় অংশগ্রহণ প্রসঙ্গে